

আত্মপ্রকাশ কুমনা সরকারি প্রাথমিক বিদ্যালয় অনলাইন স্কুল



আত্মপ্রকাশ করলো কুমনা সরকারি প্রাথমিক বিদ্যালয় অনলাইন স্কুল। বর্তমান সময়ের সাথে তাল মিলিয়ে, বিশ্বের করোনা পরিস্থিতি বিবেচনা করে, আমাদের কোমলমোতি শিশুদের শিক্ষা কথা এবং উক্ত উদ্ভাবকদের দাবির কথা বিবেচনা করে আত্মপ্রকাশ করল কুমনা সরকারি প্রাথমিক বিদ্যালয় অনলাইন স্কুল। অবশ্যই এটি একটি সমন্বিত যোগ্যী শূভ পদক্ষেপ। এর মাধ্যমে সুনামগঞ্জ জেলার, ছাতক পৌরসভার অন্তর্গত কুমনা সরকারি প্রাথমিক বিদ্যালয়, তথ্য প্রযুক্তিতে আরও একধাপ এগিয়ে গেলো। চলছে সারা বাংলাদেশে অনলাইন শিক্ষা ব্যবস্থার মহোৎসব। থেমে নাই আমরাও। এটিই উপযুক্ত সময় এগিয়ে যাওয়ার। সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ। শিশুদের জন্য ভালো ভালো কাজ করে আমরা এগিয়ে নিতে পারি আমাদের নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানকে। এগিয়ে নিয়ে যেতে পারি প্রিয় বাংলাদেশকে বিশ্বের উন্নত দেশের কাতারে। আমরা শিক্ষকরাই পারি দেশের আইসিটি সেক্টরকে শক্তিশালী করতে। বর্তমানে মহামারী করোনাকালীন সময়ে সারা বাংলাদেশে বিভিন্ন জেলা, উপজেলা এবং বিদ্যালয়ে অনলাইন স্কুল চালু হয়েছে। তাই যুগের সাথে তাল মিলিয়ে আমার বিদ্যালয়ের সংশ্লিষ্ট এলাকার অভিাবকবৃন্দ, বিদ্যালয়ের পরিচালকবৃন্দ এবং ছাত্রছাত্রীদের বিপুল চাহিদার ভিত্তিতে অত্র এলাকায় বিদ্যালয়ের নিজস্ব একটি অনলাইন স্কুল প্রতিষ্ঠার প্রয়োজন হয়েছে। তাই আমি কোমলমোতি ছাত্রছাত্রীদের পড়ালেখা এবং আগ্রহ দেখে উক্ত বিদ্যালয়ের নিজস্ব নামে একটি অনলাইন বিদ্যালয় চালু করি। আমার নিজ পকেটের টাকা খরচ করে আমি ইন্টারনেট এবং অন্যান্য আনুসঙ্গিক খরচ বহন করেছি। তার পরও আমি খুবই খুশি আমার নিজ বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের জন্য ভালো একটা কিছু করতে পেরে। অনলাইন বিদ্যালয়টি বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব আসিকুর রহমান (উপজেলার ইংরেজি প্রশিক্ষক এবং শ্রেষ্ঠ শিক্ষক) ২৩/০৭/২০২০ খ্রিঃ আমাকে নিয়ে শূভ উদ্বোধন করেন এবং উনার মাধ্যমেই ঐ দিনই উদ্বোধনী ক্লাস চালু হয়। আমি নিজেও এই পেজে ক্লাস নিচ্ছি। এলাকার সবাই খুশি এই বিদ্যালয় চালু হওয়ায়। অনেক ভালো ভালো শিক্ষক শিক্ষিকা এই অনলাইন বিদ্যালয়টিতে ক্লাস নিবেন বলে ইচ্ছা প্রকাশ করেছেন। একনজরে কুমনা সরকারি প্রাথমিক বিদ্যালয় অনলাইন স্কুলঃ অনলাইন বিদ্যালয়ের নামঃ Kumna Govt. Primary School

বিভাগঃ সিলেট

জেলাঃ সুনামগঞ্জ

উপজেলাঃ ছাতক

পৌরসভাঃ ছাতক

ওয়ার্ড নং- ৫

ডাকঘর- পেপার মিল

গ্রামঃ কুমনা



বিদ্যালয়ের সমৃদ্ধি কামনায়- **দুলাল হালদার**

জেলা এম্বাসেডর (ICT4E), সুনামগঞ্জ।

সহকারি শিক্ষক

কুমনা সরকারি প্রাথমিক বিদ্যালয়

ছাতক, সুনামগঞ্জ।

তারিখঃ ২৫/০৭/২০২০খ্রিঃ

Email: dhalder785@gmail.com